# পরিদর্শন প্রতিবেদন :

গত ১৬.০৭.২০১৯ তারিখ নিম্নস্বাক্ষরকারী কর্তৃক বাংলাদেশ শিশু একাডেমীর জেলা শিশু বিষয়ক কর্মকর্তার কার্যালয়, চট্টগ্রাম সরেজমিনে পরিদর্শন করা হয়। পরিদর্শন কালে জেলা শিশু বিষয়ক কর্মকর্তা, জনাব নারগীস সুলতানা ও অন্যান্য কর্মকর্তা/ কর্মচারী উপস্থিত ছিলেন। চট্টগ্রাম জেলা শাখার কার্যক্রমসমূহ নিম্নরূপ:

১। **পরিচিতি :** শিশুরা জাতির শ্রেষ্ঠ সম্পদ। জাতীয় স্বার্থে শিশুদের গুরুত্বপূর্ণ ভূমিকার উপলব্ধি থেকেই তাদের শারীরিক, মানসিক, সাংস্কৃতিক গুনাবলী ও সুপ্ত প্রতিভার বিকাশ সাধনের লক্ষ্যে সর্বপ্রথম ১৯৭৬ সালে ঢাকায় মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের অধীনে বাংলাদেশ শিশু একাডেমি প্রতিষ্ঠিত হয়। পরবর্তীতে শাখা অফিস হিসাবে ১৯৮১ সালের এপ্রিল মাসে বাংলাদেশ শিশু একাডেমি, চট্টগ্রাম জেলা শাখা অফিস স্থাপিত হয়। বাংলাদেশ শিশু একাডেমি বর্তমানে শিশুদের সাংস্কৃতিক ও মানসিক বিকাশের জন্য একমাত্র জাতীয় প্রতিষ্ঠান। বর্তমানে একাডেমিতে ৩০৪০ বর্গফুট বিশিষ্ট ৪তলা প্রশিক্ষণ ভবনে সকল কার্যক্রম পরিচালিত হচ্ছে।

২। **প্রশিক্ষণ কার্যক্রমঃ** বাংলাদেশ শিশু একাডেমি, চট্টগ্রাম কর্তৃক পরিচালিত প্রশিক্ষণ কোর্সে বিভিন্ন বিষয়ে ২০১৯ সনে অনলাইনে ভর্তি কার্যক্রম পরিচালিত হয়। ১৪টি কোর্সের সমন্বয়ে পরিচালিত বাংলাদেশ শিশু একাডেমি, চট্টগ্রাম এর ছাত্র/ছাত্রীর সংখ্যা :

২০১৮ সালে ছাত্র/ছাত্রী ভর্তির সংখ্যা ২৬৪৪ জন

| কোর্সের নাম | ১ম বর্ষ | ২য় বর্ষ | ৩য় বর্ষ | ৪র্থ বর্ষ | মোট |
|---|---|---|---|---|---|
| সংগীত | ২৪৫ | ১৪৫ | ১২৩ | ৮৪ | ৫৯৭ |
| নৃত্য | ১০৪ | ৫৯ | ৫৩ | ৩২ | ২৪৮ |
| তবলা | ৩১ | ২৮ | ১০ | ১৯ | ৮৮ |
| চিত্রাংকন | ৪৭২ | ৩৬০ | ২৩০ | - | ১০৬২ |
| আবৃত্তি | ১২৮ | ৭৬ | ৪৩ | - | ২৪৭ |
| স্পেনিশ গীটার | ৮৩ | ৩০ | ২৩ | - | ১৩৬ |
| হাওয়ান গীটার | ৫ | ১ | ১ | - | ৭ |
| কী-বোর্ড | ১৫ | ৭ | ৩ | - | ২৪ |
| নাট্য কলা | ১০ | - | ৭ | - | ১৭ |
| কম্পিউটার | ৪৩ | ২৮ | - | - | ৭১ |
| ইংরেজী ভাষা শিক্ষা | ৫৯ | - | - | - | ৫৯ |
| দাবা | ১৭ | - | - | - | ১৭ |
| আরবী | ১৫ | - | - | - | ১৫ |
| হাতের সুন্দর লেখা | ৫৫ | - | - | - | ৫৬ |
| সর্বমোট | ১২৮২ | ৭৩৪ | ৪৯৩ | ১৩৫ | ২৬৪৪ |

- **সাংস্কৃতিক কার্যক্রম;** বিশিষ্ট দিন, জাতীয় দিবস, মহাপুরুষদের জন্ম মৃত্যুবার্ষিকী উপলক্ষ্যে একাডেমি বছরে ৩০/৩৫টি অনুষ্ঠানের (প্রতিযোগিতা, আলোচনা সভা, সাংস্কৃতিক অনুষ্ঠান, নাটক) পুরস্কার বিতরণী আয়োজন করা হয় । বিশিষ্ট ব্যক্তিবর্গকে অনুষ্ঠানে আমন্ত্রণ জানানো হয় ।

- **জাতীয় ভিত্তিক প্রতিযোগিতা;** বছরে ৩ বার জাতীয় শিশু পুরস্কার, মৌসুমী প্রতিযোগিতা, বাংলার বৈশাখ বাংলার নাচ ইত্যাদি জাতীয় ভিত্তিক প্রতিযোগিতার আয়োজন করা হয়ে থাকে ।

**মন্তব্য :** শিশুদের প্রশিক্ষণ, সাংস্কৃতিক ও জাতীয় প্রতিযোগিতা কার্যক্রম জোরদার করা এবং প্রতিটি কার্যক্রমে শিশুদের অংশগ্রহণ বৃদ্ধি করার জন্য ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য বাশিএ, চট্টগ্রাম-কে অনুরোধ করা হল।

৩। **শিশু বিকাশ কেন্দ্র ঃ** শিশু বিকাশ কেন্দ্রটি ২০১২ সনে সমাজ সেবা অধিদপ্তর থেকে শিশু একাডেমীতে স্থানান্তরের পর অত্যন্ত সন্তোষজনকভাবে পরিচালিত হয়ে আসছে। শিশু বিকাশ কেন্দ্রটি চট্টগ্রাম শহরস্থ হামজারবাগে ১নং হিলভিউ রোডে ভাড়া বাড়িতে অবস্থিত। বর্তমানে ৯৫ জন সুবিধা বঞ্চিত শিশু রয়েছে। তাদের চার বেলা খাবার, প্রসাধনী সামগ্রী, বৎসরে দুইটি সাধারন ড্রেস, স্কুলব্যাগ, স্কুল ড্রেসসহ প্রতিনিয়ত স্বাস্থ্য সেবা দেওয়া হয়। তাদের সাংস্কৃতিক প্রতিভা বিকাশের লক্ষ্যে একাডেমী থেকে একজন সংগীত, একজন চিত্রাংকন, একজন কম্পিউটার প্রশিক্ষক ও আরবী প্রশিক্ষক নিয়মিত প্রশিক্ষণ দিচ্ছে। শিশুরা শিশু বিকাশ সংলগ্ন এম নাজের সরকারী প্রাথমিক বিদ্যালয় এবং রহমানিয়া উচ্চ বিদ্যালয়ে লেখা পড়া করছে। এছাড়া ইউনিসেফ এর সহযোগিতায় শিশুর বিকাশে প্রারম্ভিক শিক্ষা প্রকল্পের আওতায় সিটি কর্পোরেশন এর বস্তি এলাকায় ৪/৫ বছরের শিশুদের প্রাথমিক বিদ্যালয়ে যাওয়ার উপযোগী করে তোলার জন্য ১০টি শিশু বিকাশ কেন্দ্র রয়েছে । প্রতি কেন্দ্রে ৩০জন দুস্থ শিশু ১জন শিক্ষিকা রয়েছে।

**মন্তব্য :** শিশুদের খেলা-ধূলার পর্যাপ্ত সুযোগ-সুবিধা এবং সাংস্কৃতিক কার্যক্রম জোরদারের মাধ্যমে শিশুদের সঠিকভাবে মেধার বিকাশ সাধনের জন্য বাশিএ, চট্টগ্রাম-কে পরামর্শ দেয়া হল।

৪। **লাইব্রেরী ভিত্তিক কার্যক্রমঃ** শিশুদের পাঠ অভ্যাস গড়ে তোলার লক্ষে একটি শিশু লাইব্রেরী রয়েছে। মঙ্গলবার ব্যতীত প্রতিদিন সকাল ১১টা থেকে সন্ধ্যা ৬টা পর্যন্ত লাইব্রেরী খোলা থাকে। ছাত্র/ছাত্রীদের লাইব্রেরী থেকে বাড়ীতে বই নেওয়ার ব্যবস্থা রয়েছে। তাছাড়া শিশুদের পাঠাভ্যাস গড়ে তোলার লক্ষে লাইব্রেরী ভিত্তিক বিভিন্ন প্রতিযোগিতার আয়োজন করে।

৫। **বই বিক্রয় কেন্দ্রঃ** বাংলাদেশ শিশু একাডেমি, চট্টগ্রাম জেলা কার্যালয় একটি বই বিক্রয় কেন্দ্র পরিচালনা করে। বাংলাদেশ শিশু একাডেমি থেকে প্রকাশিত গল্প, ছড়া, কবিতা, উপন্যাস, নাটক, বিজ্ঞান বিষয়ক বই, মাসিক শিশু পত্রিকা বিক্রয় করা হয় ।

**মন্তব্য:** বই বিক্রয় কার্যক্রম সঠিকভাবে সম্পাদিত হচ্ছে কিনা, তা মনিটরিং এর ব্যবস্থা করার জন্য বাশিএ, চট্টগ্রামকে অনুরোধ করা হল।

**৬। শিশুর বিকাশে প্রারম্ভিক শিক্ষা (৩য় পর্যায়) (ইএলসিডি) প্রকল্প এর কার্যক্রম :**

গত জুলাই ২০১৮ থেকে ইউনিসেফের সহযোগিতায় শিশুর বিকাশে প্রারম্ভিক শিক্ষা (৩য় পর্যায়) প্রকল্পের আওতায় বাংলাদেশ শিশু একাডেমি পরিচালনায় সিটি কর্পোরেশন আওতাভুক্ত বস্তি এলাকায় ১০টি শিশু বিকাশ কেন্দ্র স্থাপন করা হয়ছে। প্রতিটি কেন্দ্রে চার থেকে পাঁচ বছরের সুবিধা বঞ্চিত ৩০ জন করে শিশু এবং একজন শিক্ষিকা রয়েছে। শিক্ষিকার বেতন মাসিক ৩১৯০ টাকা নির্ধারিত। প্রকল্প থেকে শিক্ষা উপকরণ দেওয়া হয়েছে। শিশু একাডেমি থেকে শিশুদের মাঝে মাঝে টিফিন দেওয়া হয়। ৪/৫ বছরের সুবিধা বঞ্চিত, অসহায় দুস্থ শিশুদেরকে মানসিক বিকাশ ও প্রাথমিক স্কুলে শিক্ষা গ্রহণ করার জন্য উপযোগী করে তোলা হচ্ছে শিশু বিকাশ কেন্দ্রের উদ্দেশ্য। ১০টি শিশু বিকাশ কেন্দ্রের তালিকা নিম্নরূপ:

| ক্র: নং | শিক্ষকের নাম | প্রতিষ্ঠানের নাম |
|---|---|---|
| ১ | মনীষা আচার্য্য | আরবান হেলথ কেন্দ্রের পাশে, ২০ নং- দেওয়ান বাজার, চট্টগ্রাম, |
| ২ | ফাহমিদা আলম | মাইট্যা কলোনী, ফয়েজ লেক ,চট্টগ্রাম ০৯ নং- উত্তর পাহাড়তলী |
| ৩ | সাজিয়া পারভীন | বিজয় নগর লেক সিটি পার্কের পাশে, ফয়েজলেক, চট্টগ্রাম ০৯ নং- উত্তর পাহাড়তলী |
| ৪ | তাহসিনা রহমান নিহা | ঝাউতলা, বি ডবলিউ, ১৩ নং পাহাড়তলী, চট্টগ্রাম |
| ৫ | মুন্নী আক্তার | কালাম কলোনী, ডি.সি রোড, বাকলিয়া চট্টগ্রাম ১৭ নং বাকলিয়া |
| ৬ | উম্মে সালমা | মদিনা আবাসিক এলাকা , বাকলিয়া চট্টগ্রাম ১৮ নং- পূর্ব বাকলিয়া |
| ৭ | আইরিন আক্তার | মাহবুব কলোনী , বাকলিয়া ১৯ নং- দঃ বাকলিয়া |
| ৮ | সুজনা আফনান | রশীদ কলোনী, বাকলিয়া ১৮ নং-দঃ বাকলিয়া |
| ৯ | রাশেদা বেগম | মোল্লা কলোনী, বাকলিয়া ২০ নং বাকলিয়া |
| ১০ | প্রতিভা রানী ধর | ইয়াকুব নগর , ফিরিঙ্গিবাজার ৩৩ নং- ফিরিংগ বাজার |

**মন্তব্য:** প্রকল্প থেকে কক্ষের জন্য মাসিক ২৫০০/- টাকা বরাদ্দ পাওয়া যায়, চট্টগ্রাম বিভাগীয় শহর বিধায় এত অল্প টাকা দিয়ে বড় কক্ষ পাওয়া যায় না। ভাড়া বাবদ বরাদ্দ বৃদ্ধির জন্য বাশিএ-কে অনুরোধ করা হল।

৭। **সার্বিক মন্তব্য :** জেলা শিশু বিষয়ক কর্মকর্তা, চট্টগ্রাম এর কার্যক্রম সন্তোষজনক। শিশুদের প্রশিক্ষণ, শিশু বিকাশ কেন্দ্র পরিচালনা, শিশুর বিকাশে প্রারম্ভিক শিক্ষার কার্যক্রম, শিশুদের জন্য বিশেষ কার্যক্রম ও সাংস্কৃতিক কার্যক্রম অব্যাহত রাখার জন্য পরামর্শ প্রদান করা হল।

১৮.০৭.২২

(জ্যোতি লাল কুরী)
অতিরিক্ত সচিব (প্রশাসন)
মহিলা শিশু বিষয়ক মন্ত্রণালয়।